



## জুনে চার কার্গো এলএনজি আমদানি করবে সরকার



ছবি: সংগৃহীত

চলতি জুন মাসে জ্বালানি সরবরাহ স্থিতিশীল রাখতে আরও চার কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি করবে সরকার। এতে মাসজুড়ে মোট সরবরাহ প্রায় ১ কোটি ২৮ লাখ এমএমবিটিইউতে পৌঁছাবে বলে জানা গেছে।

মঙ্গলবার (১৬ জুন) পেট্রোবাংলার পরিচালক এ কে এম মিজানুর রহমান জানান, ইতোমধ্যে স্পট মার্কেট ও স্বল্পমেয়াদি চুক্তির আওতায় পাঁচটি এলএনজি কার্গো দেশে এসেছে, যার পরিমাণ প্রায় ১ কোটি ৬০ লাখ এমএমবিটিইউ।

তিনি বলেন, জুন মাসে মোট নয়টি কার্গো আমদানির পরিকল্পনা নেওয়া হয়েছে। এর মধ্যে ১৫ জুন পর্যন্ত পাঁচটি কার্গো পৌঁছেছে এবং বাকি চারটি কার্গো পথে রয়েছে।

পেট্রোবাংলার তথ্য অনুযায়ী, এসব কার্গোর একটি অংশ স্পট মার্কেট থেকে এবং অন্য অংশ স্বল্পমেয়াদি চুক্তির মাধ্যমে সংগ্রহ করা হচ্ছে। প্রতিটি কার্গোতে গড়ে প্রায় ৩২ লাখ এমএমবিটিইউ গ্যাস থাকে।

এর আগে মে মাসে দেশে মোট ১১টি এলএনজি কার্গো আমদানি করা হয়, যার মাধ্যমে প্রায় ৩ কোটি ৫২ লাখ এমএমবিটিইউ গ্যাস সরবরাহ নিশ্চিত করা হয়েছিল।

জ্বালানি খাত সংশ্লিষ্টরা বলছেন, দেশের ক্রমবর্ধমান চাহিদা বিবেচনায় দীর্ঘমেয়াদি চুক্তির পাশাপাশি স্পট মার্কেট থেকেও নিয়মিত এলএনজি আমদানি অব্যাহত রয়েছে।